

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বিদেশগামী যাত্রীগণের কোভিড-১৯ পরীক্ষা করার নির্দেশনা মোতাবেক সিলেট বিভাগের যাত্রীগণের জন্য সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজের আরটি-পিসিআর ল্যাবকে নির্বাচিত করা হয়েছে এবং সিলেট জেলার সিভিল সার্জন অফিসকে নমুনা সংগ্রহের দায়িত্ব প্রদান পূর্বক সমন্বয় সাধনের জন্য স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতিপূর্বে ২২.০৭.২০২০ইং হইতে ৩১.১০.২০২০ইং পর্যন্ত ফ্লাইট শিডিউল অনুযায়ী নিবন্ধন ও নমুনা সংগ্রহের সময়সূচী প্রকাশ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় নিম্নে ফ্লাইট-শিডিউল অনুযায়ী বিদেশগামী যাত্রীগণের কোভিড-১৯ পরীক্ষার উদ্দেশ্যে নিবন্ধন ও নমুনা সংগ্রহের স্থান ও সময়সূচী প্রদান করা হলঃ

ফ্লাইটের তারিখ	নিবন্ধনের তারিখ	নমুনা সংগ্রহের তারিখ
১.১১.২০২০	২৮.১০.২০২০	২৯.১০.২০২০
২.১১.২০২০	২৯.১০.২০২০	৩০.১০.২০২০
৩.১১.২০২০	৩০.১০.২০২০	৩১.১০.২০২০
৪.১১.২০২০	৩১.১০.২০২০	১.১১.২০২০
৫.১১.২০২০	১.১১.২০২০	২.১১.২০২০
৬.১১.২০২০	২.১১.২০২০	৩.১১.২০২০
৭.১১.২০২০	৩.১১.২০২০	৪.১১.২০২০
৮.১১.২০২০	৪.১১.২০২০	৫.১১.২০২০
৯.১১.২০২০	৫.১১.২০২০	৬.১১.২০২০
১০.১১.২০২০	৬.১১.২০২০	৭.১১.২০২০
১১.১১.২০২০	৭.১১.২০২০	৮.১১.২০২০
১২.১১.২০২০	৮.১১.২০২০	৯.১১.২০২০
১৩.১১.২০২০	৯.১১.২০২০	১০.১১.২০২০
১৪.১১.২০২০	১০.১১.২০২০	১১.১১.২০২০
১৫.১১.২০২০	১১.১১.২০২০	১২.১১.২০২০
১৬.১১.২০২০	১২.১১.২০২০	১৩.১১.২০২০
১৭.১১.২০২০	১৩.১১.২০২০	১৪.১১.২০২০
১৮.১১.২০২০	১৪.১১.২০২০	১৫.১১.২০২০
১৯.১১.২০২০	১৫.১১.২০২০	১৬.১১.২০২০
২০.১১.২০২০	১৬.১১.২০২০	১৭.১১.২০২০
২১.১১.২০২০	১৭.১১.২০২০	১৮.১১.২০২০

*** পরবর্তী শিডিউল পরবর্তীতে জানানো হবে।

বিশেষ দৃষ্টব্যঃ টিকেটে উল্লেখিত তারিখই ফ্লাইটের তারিখ হিসেবে গন্য হবে।

টিকেটে উল্লেখিত ফ্লাইট শিডিউল অনুযায়ী নির্ধারিত দিনে নিবন্ধন এবং নমুনা প্রদানে অনুপস্থিত থাকলে পরবর্তীতে নিবন্ধন ও নমুনা প্রদানের আর কোন সুযোগ থাকবে না।

উক্ত শিডিউল ইতিমধ্যে সিলেট সিভিল সার্জনের কার্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট <http://cs.sylhet.gov.bd> এ প্রকাশ করা হয়েছে এবং পরবর্তী শিডিউলের সময়সূচী উক্ত ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

উল্লেখ্য যে নিবন্ধনের সময় নিম্নোক্ত ডকুমেন্টসমূহ প্রদর্শন ও প্রদান করা আবশ্যিকঃ

- ১। পাসপোর্ট এর মূলকপি এবং ২(দুই) সেট ফটোকপি।
- ২। এয়ার টিকিটের মূল কপি ও ২(দুই) সেট ফটোকপি।
- ৩। দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।
- ৪। সরকার কর্তৃক নির্ধারিত ফি (১৫০০ টাকা)।

নিবন্ধনের জন্য চৌহাট্টাস্থ্য সিলেট সিভিল সার্জনের কার্যালয়ের নির্ধারিত বুথে সকাল ৯.৩০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে এবং নমুনা প্রদানের জন্য আবুল মাল আব্দুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স, মেন্দিবাগ (উপশহর), সিলেট –এ শিডিউল অনুযায়ী সকাল ৯.৩০ ঘটিকার সময় নিবন্ধন ফি জমা দানের রশিদ সহ যাত্রীগণকে আসার জন্য অনুরোধ করা যাচ্ছে। নমুনা প্রদানের পর থেকে ফ্লাইট এর পূর্ব পর্যন্ত কোভিড-১৯ স্বাস্থ্য বিধি অনুযায়ী কোয়ারেন্টাইন-এ থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হল।

যাত্রীগণ নমুনা প্রদানের পরের দিন সিভিল সার্জনের কার্যালয়, সিলেট এর রিপোর্ট প্রদানের নির্দিষ্ট বুথ থেকে রিপোর্ট সংগ্রহ করবেন (সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ এর কোভিড-১৯ ল্যাব হতে রিপোর্ট প্রাপ্তির ভিত্তিতে)।

বিশেষ দ্রষ্টব্যঃ যাত্রীগণ শুধুমাত্র নমুনা প্রদানের দিন উপস্থিত থাকলেই চলবে। নিবন্ধন ও রিপোর্ট সংগ্রহের সময় যাত্রীগণের স্বশরীরে উপস্থিত হওয়ার প্রয়োজন নাই।



সিভিল সার্জন
সিলেট।